গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।
(স্থানীয় সরকার শাখা)
www.naogaon.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৪০০.১০৯.০১.০১০.২২- ৫২৯

তারিখ: ০৬ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ-২ শাখা) এর ২৩ মে ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.৮৮ নম্বর স্মারকপত্রে প্রদত্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ এর স্থানীয় সরকার শাখার অধীন ইউনিয়ন পরিষদ সচিব এর শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে জন্মসূত্রে **বাংলাদেশের স্থায়ী নাগরিক ও নওগাঁ জেলার স্থায়ী বাসিন্দাদের** নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন পরিষদ সচিব | গ্রেড ১৪ (টাকা: ১০২০০-২৪৬৮০/-) | ০৮ (আট) টি এবং শূন্য পদ পূরণের নিমিত্ত প্যানেল প্রস্তুত | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী। | ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% হারে বেতন ভাতা প্রাপ্য হবেন |

আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই পূরণ করতে হবে:

১। 21/08/2022 খ্রি: তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স ৩০ (ত্রিশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্য পদ পূরণের ক্ষেত্রে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ ও এতদসংক্রান্ত যাবতীয় সরকারি নির্দেশনা অনুসরণ করা হবে।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। চাকুরীরত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য নয়।

৪। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৫। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমতে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। শুধু লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৬। চাকুরীর জন্য আবেদন আগামী 01/09/2022 খ্রি: তারিখ সকাল ১০:০০টা হতে 30/09/2022 খ্রি: তারিখ বিকাল ০৫:০০টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি/ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে।

৭। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূল কপিসমূহ প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক) কপি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির তালিকা নিম্নরূপ:

৭.১ শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্র;

৭.২ নওগাঁ জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

৭.৩ জাতীয় পরিচয়পত্র ও জন্মনিবন্ধন সনদ;

৭.৪ ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নাম ও পদবীযুক্ত সিলসহ) প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

৭.৫ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর-মুক্তিযোদ্ধার সন্তান এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যার পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;

৭.৬ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সম্পর্ক উল্লেখক্রমে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র;

৭.৭ মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। বীর মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তাঁর প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১ (এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কেউ অসত্য তথ্য সংবলিত ওয়ারিশপত্র দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে;

৭.৮ শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

৭.৯ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

৭.১০ আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র; এবং

৭.১১ নির্দিষ্ট কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্র;

৮। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৯। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

১০। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে গণ্য হবে।

১১। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান ও কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

চলমান পাতা-২

১২। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। অসত্য/ ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য যে কোন পর্যায়ে অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/ভূয়া/জাল/মিথ্যা প্রমাণিত হলে কিংবা নকল করা বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৫। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও নওগাঁ জেলার ওয়েবসাইট www.naogaon.gov.bd ফেসবুক পেজ "জেলা প্রশাসন নওগাঁ" তে পাওয়া যাবে।

১৬। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.naogaon.gov.bd এবং **dcnaogaon.teletalk.com.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৭। অনলাইনে আবেদনপত্র পূরণ ও দাখিল করার নিয়মাবলি:

(ক) আগ্রহী প্রার্থীগণ https://dcnaogaon.teletalk.com.bd এ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০১/০৭/2022 .................. সকাল ১০:০০টা;

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩০/০৭/2022 ......................, বিকাল ০৫:০০টা;

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ ৩০০ pixel× প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ ৩০০ pixel× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে;

(গ) Online-এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রম ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। অসত্য তথ্য দাখিল করা হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারি আইনের আওতায় আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন;

(ঙ) SMS প্রেরণের নিয়ামাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন;

Applicant's Copy তে User ID দেয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫৬০/- (পাঁচ শত ষাট) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন;

প্রথম SMS: DCNAOGAON<space>User ID লিখে ১৬২২২ নম্বরে send করতে হবে।

Example: DCNAOGAON ABCDEF

Reply: Applicant's Name, TK ৫৬০/- will be charged as application fee, your PIN is xxxxxxxx.

দ্বিতীয় SMS: DCNAOGAON<space>YES<space>PIN লিখে ১৬২২২ নম্বরে send করতে হবে।

Example: DCNAOGAON YES 123456789

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DCNAOGAON Recruitment Application for Union Parishad Secretary User ID is (ABCDEF) and password (xxxxxxxx

বিশেষভাবে উল্লেখ্য Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদন পত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না;

(চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে;

(ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ http://dcnaogaon.teletalk.com.bd এবং জেলা প্রশাসক, নওগাঁ'র ওয়েবসাইট http://www.naogaon.gov.bdতে পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্চনীয়;

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন;

চলমান পাতা-৩

(i) User ID জানা থাকলে:

DCNAOGAON<Space>Help<Space>User<Space>User ID & send to 16222
Example: DCNAOGAON Help User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে:

DCNAOGAON<Space>Help<Space>PIN<Space>PIN Number & send to 16222
Example: DCNAOGAON Help PIN 123456789

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **http://alljobs.teletalk.com.bd** ওয়েব সাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **http://dcnaogaon.teletalk.com.bd** ওয়েবসাইট হতে জানা যাবে;

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd তে এসএমএস এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজে এর Subject-এ Organization Name: DCNaogaon, Post Name: Union Parishad Secretary, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে);

১৮। শেষ দিনের অপেক্ষায় না থেকে প্রয়োজনীয় সময় নিয়ে অনলাইনে নির্ভুল তথ্য প্রদান করে আবেদন কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হল।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/০৮/২০২২

(খালিদ মেহেদী হাসান, পিএএ)
জেলা প্রশাসক
নওগাঁ।
ফোন-০২৫৮৮৮৮৪০০০(দপ্তর)
ইমেইল: dcnaogaon@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৪০০.১০৯.০১.০১০.২২- ৫২৯

তারিখ: ০৬ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে/বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হল:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার,..........................(সকল)।
৩। পরিচালক, স্থানীয় সরকার....................(সকল)।
৪। জেলা প্রশাসক,................................(সকল)।
৫। পুলিশ সুপার, নওগাঁ।
৬। সিভিল সার্জন, নওগাঁ।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক...........................নওগাঁ।
৯। উপজেলা নির্বাহী অফিসার,.........................(সকল), নওগাঁ। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
১০। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক, বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং #৩/এ, ৫/এ, ৭/এ, রোড # ১৭, গুলশান-১, ঢাকা ১২১ [দৃষ্টি আকর্ষণ: ম্যানেজার (VAS-2), মার্কেটিং এন্ড ভ্যাস]
১১। মেয়র...................(সকল), নওগাঁ।
১২। উপপরিচালক, জেলা তথ্য অফিস, নওগাঁ।
১৩। নেজারত ডেপুটি কালেক্টর, নওগাঁ। বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসন, নওগাঁ'র নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
১৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, নওগাঁ। নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসন, নওগাঁ'র ওয়েবসাইটে আবেদন গ্রহণের শেষ তারিখ পর্যন্ত প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
১৫। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ......ইত্তেফাক......./.........সমকাল.........../নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় স্বল্প পরিসরে ভিতরের পাতায় কেবল মাত্র ০১ (এক) দিন সকল সংস্করণে প্রকাশপূর্বক প্রকাশিত বিজ্ঞপ্তির ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১৬। অফিস কপি।

২২/০৮/২০২২

(উত্তম কুমার রায়)
উপপরিচালক
স্থানীয় সরকার
নওগাঁ।